



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল ২০২৪- জুন ২০২৪ পর্যন্ত) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তফা কামাল মহাপরিচালক
সভার তারিখ	২৪/০৪/২০২৪
সভার সময়	১২:৩০ ঘটিকায়
স্থান	আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্য সূচী উপস্থাপনের জন্য এ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্টকে অনুরোধ করেন। তিনি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিতকরণের ক্ষেত্রে আইসিটি অধিদপ্তরের গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। সভাপতি আরো জানান, সরকারি কর্মকাণ্ডে নৈতিকতা নিশ্চিতকল্পে অংশীজনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তৃণমূল পর্যায়ে তথ্য প্রযুক্তির সুবিধা পৌঁছানোর ফলে জনগণের জীবনমানে উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে। সভায় নৈতিকতা বিষয়ে আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ ও সংরক্ষণ বিষয়ে আলোচনা করা হয়।	২০২৩- ২৪ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২। ২০২৩- ২৪ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে প্রমাণকসহ এনআইএস সফটওয়্যার দাখিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	৪র্থ কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে প্রমাণকসহ নির্দিষ্ট সময়ে এনআইএস সফটওয়্যার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণের করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপডেট করার বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপডেট করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪। এ অধিদপ্তরে আগত সকল অভিযোগ/আপিল যথাসময়ে নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়।	অধিদপ্তরে আগত সকল অভিযোগ/আপিল যথাসময়ে নিষ্পত্তি করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৯-০৫-২০২৪

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক

+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)

+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৫৫.১৭.৪১৬

বিতরণ :

১। আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ।



০৯-০৫-২০২৪

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক